# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

# Karnaphuli Gas Distribution Company Ltd.

(A company of Petrobangla)


সূত্র : ২৮.১৫.০০০০.১০৮.০৪.০৩২.১৯-১৭৩৪ তারিখ : ২৭.০৬.২০১৯

## অফিস আদেশ

০৫.০৫.২০১৯ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদের ১৩৫তম সভার সিদ্ধান্ত মতে 'কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস্, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০১৯' [কপি সংযুক্ত] কোম্পানীতে প্রবর্তন করা হলো। এছাড়া, বর্ণিত পর্ষদ সভার সিদ্ধান্তের আলোকে বিদ্যমান 'কনডেমনেশন কমিটি' ও 'স্ট্যান্ডিং নিলাম কমিটি' নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

ক) কনডেমনেশন কমিটি

| ক্র: নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | কোম্পানীর কারিগরি ক্যাডারের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক | আহ্বায়ক |
| ২। | মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন ঊর্দ্ধতন প্রকৌশলী অথবা সরকারি যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৩। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৪। | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র/পুর প্রকৌশলী) অথবা বিটাক-এর একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | সদস্য |
| ৫। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ)-এর একজন উপযুক্ত প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৬। | উপ-মহাব্যবস্থাপক (হিসাব), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৭। | কোম্পানীর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা | সদস্য-সচিব |

খ) স্ট্যান্ডিং নিলাম কমিটি

| ক্র: নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | মহাব্যবস্থাপক (অপারেশন), কেজিডিসিএল, চট্টগ্রাম | আহ্বায়ক |
| ২। | উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৩। | উপ-মহাব্যবস্থাপক (কোম্পানী সেক্রেটারিয়েট), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৪। | উপ-মহাব্যবস্থাপক (হিসাব), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৫। | উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৬। | ব্যবস্থাপক (কস্ট এন্ড ষ্টোরস), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য-সচিব |

কমিটিদ্বয় বর্ণিত নীতিমালার আলোকে কার্য সম্পাদন করবে।

এ আদেশ জারির ফলে এতদ্‌সংক্রান্ত বিষয়ে ইতোপূর্বে জারিকৃত সকল অফিস আদেশ সংশোধিত বলে গণ্য হবে।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

২৭.৬.১৯

মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি : বর্ণনামতে (১৩ পাতা)।

বিতরণ : কমিটির আহ্বায়ক/সদস্য/সদস্য সচিব ................................................................,কেজিডিসিএল, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেজিডিসিএল, চট্টগ্রাম।
২. সকল ডিভিশন প্রধান........................................................................................, কেজিডিসিএল, চট্টগ্রাম।
৩. সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট প্রধান.................................................................................., কেজিডিসিএল, চট্টগ্রাম।
৪. অফিস কপি।

কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস্, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা ঃ

১। **সংক্ষিপ্ত শিরোনাম** ঃ এই নীতিমালাটি **"কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস্, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা "** নামে অভিহিত হবে ।

২। **কমিটি গঠন** ঃ কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর অকেজো যানবাহন, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ কমিটি নিম্নোক্তভাবে গঠন করা যেতে পারে:

| | |
|---|---|
| ক) কোম্পানীর কারিগরি ক্যাডারের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক | - আহবায়ক |
| খ) মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্দ্ধতন প্রকৌশলী অথবা সরকারী যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | - সদস্য |
| গ) বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ (প্রযোজ্য ক্ষেত্রে) | - সদস্য |
| ঘ) গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র/পুর প্রকৌশলী) অথবা বিটাক-এর একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | - সদস্য |
| ঙ) বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি, আর, টি, এ)-এর একজন উপযুক্ত প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | - সদস্য |
| চ) উপ-মহাব্যবস্থাপক (হিসাব), কেজিডিসিএল, চট্টগ্রাম | - সদস্য |
| ছ) কোম্পানীর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা | - সদস্য-সচিব |

২.১ কোম্পানি কর্তৃপক্ষ কমিটিতে প্রয়োজনবোধে এক বা একাধিক নতুন সদস্য সংযোজন করতে পারবে।

২.২ কোম্পানি কাজের বিভিন্নতায় পৃথক অফিস আদেশের মাধ্যমে সদস্যদের নাম/পদবী উল্লেখপূর্বক নিম্নরূপভাবে কমিটি গঠন করতে পারবে :

(ক) মোটরযান অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (খ), (ঙ) ও (চ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন।

(খ) ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালসসমূহ অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (ঘ) ও (চ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন।

(গ) কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (গ) ও (চ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন।

(ঘ) অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণার ক্ষেত্রে কমিটির সভায় ২নং অনুচ্ছেদের (ঘ) ও (চ) ক্রমিকে উল্লেখিত কর্মকর্তাবৃন্দ অবশ্যই উপস্থিত থাকবেন।

৩। অকেজো ঘোষণাকরণ কমিটির সদস্য-সচিব আহবায়ক এর সাথে আলোচনাপূর্বক লিখিত নোটিশের মাধ্যমে কমিটির সভা আহবান করবেন এবং অকেজো ঘোষণাযোগ্য মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়ালস, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদির সংরক্ষিত মূল্য নির্ধারণ করে কমিটির মতামত সভার কার্যবিরণীতে সুপারিশ আকারে লিপিবদ্ধ করবেন। সংশ্লিষ্ট মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়ালস, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি এবং অফিসে ব্যবহৃত অন্যান্য যন্ত্রপাতি- সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশন অকেজো ঘোষণাকরণ কমিটির সুপারিশের আলোকে ঐগুলির ওপর চূড়ান্ত সিদ্ধান্তের জন্য পরিচালনা পর্ষদের নিকট

পেশ করবেন। প্রয়োজনবোধে উক্ত কমিটি যুক্তি সঙ্গত কারণে সংরক্ষিত মূল্য পুনঃনির্ধারণের জন্য সুপারিশ করতে পারবে।

৪। অকেজো ঘোষণাকরণ কমিটি অকেজো ঘোষণার জন্য প্রস্তাবকৃত মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়ালস, কম্পিউটার ও কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জমাদি প্রত্যক্ষ পরিদর্শন করবেন।

৫। এ নীতিমালার আওতায় নিম্নলিখিত যানবাহন/যন্ত্রপাতি/মিটার/ ফিটিংস/আসবাবপত্র অন্তর্ভুক্ত থাকবে:

৫.১ সকল প্রকার মোটরযান যেমন-কার, জীপ, পিক-আপ, মাইক্রোবাস, মিনিবাস, বাস, অ্যাম্বুলেন্স, ট্রাক, মোটরসাইকেল ইত্যাদি।

৫.২ ইঞ্জিনিয়ারিং ম্যাটারিয়্যালস যেমন- মিটার (ডায়াফ্রাম/টারবাইন/রোটারী), পাইপ, বিভিন্ন প্রকার ফিটিংস, জেনারেটর, এয়ার কম্প্রেসার, গাড়ির যন্ত্রাংশ ইত্যাদি।

৫.৩ কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি যেমন- কম্পিউটার, ল্যাপটপ, প্রিন্টার, ইন্টারনেট সংযোগ সংশ্লিষ্ট আনুষঙ্গিক যন্ত্রপাতি।

৫.৪ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও অন্যান্য অফিস সরঞ্জমাদি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার কন্ডিশনার, ফ্রিজ, টেলিভিশন, আসবাবপত্র ও অন্যান্য অফিস সরঞ্জামাদি।

**মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও অন্যান্য অফিস সরঞ্জমাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবে:**

৬। **মোটরযান:**

৬.১ মোটরযান অকেজো ঘোষণার জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক অনুসৃত বিষয়াবলী:

৬.১.১ মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত মোটরযান সম্পর্কে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তর নির্দিষ্ট ছকে (পরিশিষ্ট ক-১) বিস্তারিত বিবরণ লিপিবদ্ধ করে উহা বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি আর টি এ)–এর সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শকের নিকট প্রেরণপূর্বক প্রত্যক্ষ পরিদর্শন কার্যক্রম সম্পন্ন করে মেরামতের অযোগ্যতার প্রতিবেদন প্রদানের জন্য অনুরোধ করবে। এ পত্রের প্রতিলিপি সংশ্লিষ্ট সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) ও পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বি.আর.টি.এ., ঢাকা-এর নিকট প্রেরণ করবে।

৬.১.২ সংশ্লিষ্ট মোটরযান পরিদর্শক সরেজমিনে মোটরযান পরিদর্শনপূর্বক মোটরযানটি মেরামতের অযোগ্য হলে বা মেরামত করে ব্যবহার করা অলাভজনক বিবেচিত হলে সেই মর্মে নির্ধারিত ছকে (পরিশিষ্ট ক-২) কারিগরি প্রতিবেদন প্রণয়ন করে সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং)–এর প্রতিস্বাক্ষরে অনুর্ধ ৩০(ত্রিশ) দিনের মধ্যে মালিকানা দপ্তর/ব্যবহারকারী দপ্তরে প্রতিবেদন প্রেরণ করবে। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করতে হবে।

৬.১.৩ উপর্যুক্ত কার্যাদি সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে যথাসময়ে সম্পন্ন করবে।

৬.১.৪ মালিকানা/ব্যবহারকারী দপ্তর বি.আর.টি.এ.–এর প্রতিবেদন প্রাপ্তির পর তা সংযুক্ত করে মোটরযানের বিস্তারিত বিবরণ (সংশ্লিষ্ট কাগজ পত্রসহ) অকেজো ঘোষণার নিমিত্ত প্রেরণ করবে।

৬.২। মোটরযান অকেজো ঘোষণার নির্ণায়ক:

৬.২.১ ঘন ঘন মেরামতের ফলে মেরামত করে চালানো অলাভজনক হয়ে পড়েছে এরূপ মোটরযান।

৬.২.২ মডেল পরিবর্তনের দরুণ বাজারে সরবরাহ বন্ধ হয়ে গেছে এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন আছে এরূপ মোটরযান।

৬.২.৩ মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহারোপযোগী করতে যে সমস্ত মোটরযানের বর্তমানে বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ মোটরযান।

৬.২.৪ দুই-এর অধিক প্রধান ইউনিটের সমস্ত যন্ত্রাংশ ক্ষয়প্রাপ্ত হয়েছে এরূপ মোটরযান।

৬.২.৫ দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত মোটরযানের কাঠামো দুমড়াইয়া/মুচড়াইয়া গেছে এবং এক বা একাধিক প্রধান ইউনিট বিনষ্ট হয়েছে এরূপ মোটরযান।

৬.২.৬ উপর্যুক্ত নির্ণায়কের ভিত্তিতে অকেজো ঘোষণাযোগ্য মালামালের তালিকা প্রস্তুতপূর্বক অকেজো ঘোষণার নিমিত্ত সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করবে।

**৬.৩। <u>অকেজো ঘোষিত মোটরযান নিষ্পত্তি প্রক্রিয়া:</u>**

৬.৩.১ কমিটি কর্তৃক অকেজো ঘোষিত মোটরযান কোম্পানির গঠিত নিলাম কমিটি নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় কার্যব্যবস্থা গ্রহণ করবে।

৬.৩.২ কোন মোটরযান চূড়ান্তভাবে অকোজো ঘোষিত হবার পর কোম্পানি গঠিত নিলাম কমিটি নিলামে বিক্রয়ের উদ্দেশ্যে ২টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করবে। দরপত্র সিডিউলে মোটরযানটির সংরক্ষিত মূল্য উল্লেখ করতে হবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে আর্নেস্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করবে।

৬.৩.৩ দরপত্র প্রাপ্তির পর কোম্পানির দরপত্র মূল্যায়ন কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে এর সুপারিশ সংশ্লিষ্ট বিভাগ/দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৬.৩.৪ অকেজো ঘোষিত মোটরযান সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশন অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৩নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

**৭। <u>ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যাল্‌সসমূহ অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:</u>**

৭.১.১ ব্যবহার অযোগ্য বা মেরামতের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বিবেচনা করে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশন কর্তৃক নষ্ট/Scrap হিসেবে ঘোষণাযোগ্য মিটার/ফিটিংসসমূহ সরাসরি নষ্ট/Scrap/অকেজো ঘোষণাকরণের জন্য সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করবে।

৭.১.২ সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী কমিটি বিবেচনা করবে এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকোজো ঘোষণাকরণ সম্পর্কে সুস্পষ্ট মতামত প্রদান করবে যাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও কমিটি কর্তৃক ধার্য্য থাকবে।

**৭.২. <u>ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস অকেজো ঘোষণাকরণ নির্ণায়ক:</u>**

ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস অকেজো ঘোষণাকরণের ক্ষেত্রে কমিটি কর্তৃক অনুসৃত নির্ণায়কসমূহ নিম্নরূপ:

৭.২.১ মিটার পরীক্ষণ-সংক্রান্ত কোম্পানির স্ট্যান্ডিং কমিটি কর্তৃক ঘোষিত ব্যবহার অনুপযোগী মিটারসমূহ।

৭.২.২ Calibration Test এ অনুত্তীর্ণ মিটার ও মেরামত অনুপযোগী মিটারসমূহ।

৭.২.৩ টেকনোলজি পরিবর্তনের কারণে/অত্যাধুনিক মডেলের মিটার বাজারে সরবরাহ থাকলে যা গ্যাস বিতরণের সকল Factors কে বিবেচনায় নিয়ে মিটার রিডিং প্রদান করে এমন মিটার ব্যবহারের ফলে পূর্বের অব্যবহৃত/মজুদকৃত মিটারসমূহ।

৭.২.৪ অপ্রচলিত ও অব্যবহৃত অবস্থায় ভান্ডারে/গোডাউনে মজুদ রয়েছে যা বর্তমানে বা ভবিষ্যতে ব্যবহারের সম্ভাবনা নেই বা এরূপ মালামালসমূহ।

৭.২.৫ ভান্ডারে মজুদ রয়েছে কিন্তু প্রযুক্তি পরিবর্তনের কারণে বর্তমানে/ ভবিষ্যতে ব্যবহারের সম্ভাবনা নেই এরূপ মালামালসমূহ।

৭.১.৬ গোডাউনে/উন্মুক্ত জায়গায় মজুদ থাকায় মরিচা পড়ে ক্ষয়প্রাপ্ত/ দূর্বল হয়ে গেছে যা ব্যবহার করা সঠিক হবে না মর্মে বিবেচিত হয় এরূপ মালামালসমূহ।

৭.২.৭ মডেল পরিবর্তনের কারণে বাজারে ঐ মডেলের যন্ত্রাংশ সরবরাহ বন্ধ হয়ে গেলে/না পাওয়া যায় এরূপ মডেলের যন্ত্রপাতি।

৭.২.৮ মেরামত করে নির্ভরযোগ্য ব্যবহার উপযোগী করতে সেই সমস্ত যন্ত্রপাতির বর্তমান বাজার মূল্যের ৫০% এর চেয়ে বেশী ব্যয় হবে এরূপ যন্ত্রপাতি।

৭.২.৯ দুই এর অধিক প্রধান ইউনিট/মূল যন্ত্রাংশের যন্ত্রপাতি ক্ষয়প্রাপ্ত/দূর্বল/নষ্ট হয়ে গেছে এরূপ যন্ত্রপাতি।

৭.২.১০ উপর্যুক্ত নির্ণায়কের ভিত্তিতে অকেজো ঘোষণাযোগ্য মালামালের তালিকা প্রস্তুতপূর্বক অকেজো ঘোষণার নিমিত্ত সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করবে।

৭.৩ <u>অকেজো ঘোষিত ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালসসমূহ নিষ্পত্তি প্রক্রিয়া:</u>

৭.৩.১ এ মালামালসমূহ চূড়ান্তভাবে অকোজো ঘোষিত হবার পর কোম্পানির সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট উহা বিক্রয়ের নিমিত্ত ২টি বাংলা ও ১টি ইংরেজী বহুল প্রচারিত জাতীয় দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করবে। দরপত্র সিডিউলে মালামালসমূহের সংরক্ষিত মূল্য উল্লেখ করতে হবে। এই ক্ষেত্রে দরপত্রদাতা দরপত্রের সাথে আর্নেস্টমানি হিসাবে বিধি মোতাবেক পে-অর্ডার/ব্যাংক ড্রাফট প্রদান করবে।

৭.৩.২ দরপত্র প্রাপ্তির পর দরপত্র কমিটি দরপত্রগুলি পরীক্ষা করে এর সুপারিশ সংশ্লিষ্ট দপ্তর প্রধানের নিকট অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৭.৩.৩ অকেজো ঘোষিত মালামালসমূহের সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে কোম্পানীর অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট বিষয়টি উত্থাপন করবে এবং প্রয়োজনবোধে অকেজো ঘোষণাকরণ কমিটি যুক্তি সংগত কারণে সংরক্ষিত মূল্য পুণর্নির্ধারনের জন্য সুপারিশ করতে পারবে।

৭.৩.৪ অকেজো মালামাল হিসেবে ঘোষিত মিটার কনডেমনেশন কমিটির মাধ্যমে ভেঙ্গে টুকরো-টুকরো করে নিলাম কমিটির মাধ্যমে তা স্ক্র্যাপ হিসাবে বিক্রয় করা যাবে।

৮। <u>কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি:</u>

৮.১। <u>কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার জন্য অনুসৃত বিষয়াবলী:</u>

৮.১.১ ব্যবহারের অযোগ্য বা মেরামত করে ব্যবহার অলাভজনক বলে বিবেচিত কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি ব্যবহারকারী দপ্তর(সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্যাদি নির্ধারিত ছকে) কোম্পানীর আইটি শাখায় প্রেরণ করবে। আই টি শাখা সকল ডিপার্টমেন্ট হতে সংগৃহিত/প্রাপ্ত ব্যবহার অযোগ্য মালামাল/যন্ত্রপাতি সম্পর্কে নির্ধারিত ছকে (পরিশিষ্ট-গ) বিস্তারিত বিবরণ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি) এর নিকট প্রেরণপূর্বক প্রতিবেদন দেয়ার জন্য অনুরোধ করবে।

৮.১.২ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের মনোনীত কারিগরি প্রতিনিধি সংশ্লিষ্ট কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রয়োজনবোধে সরেজমিনে পরিদর্শন করে অথবা প্রাপ্ত তথ্যাদির ভিত্তিতে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে উহা মেরামত করে ব্যবহার করা অলাভজনক হলে অথবা ব্যবহারের অনুপযোগী হলে সেই মর্মে প্রতিবেদন প্রদান করবেন। নির্ধারিত সময়ের মধ্যে প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হলে বিলম্বের কারণ ব্যাখ্যা করে পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে অবশ্যই প্রতিবেদন দাখিল করবে।

৮.১.৩ প্রতিবেদন প্রাপ্তির পর আই টি শাখা প্রয়োজনীয় কাগজপত্রসহ উহা দপ্তর প্রধানের নিকট অকেজো ঘোষণার নিমিত্ত প্রেরণ করবে।

৮.১.৪ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল এর কাউন্সিলের অনুমোদনক্রমে মাঝে মাঝে পুরাতন প্রযুক্তিনির্ভর যে ধরনের কম্পিউটার/ কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি দেশে সাধারণভাবে অচল বলে ঘোষণা করবে সে ধরনের কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির ক্ষেত্রে মালিকানা দপ্তর উপরে ৮.১.১, ৮.১.২, ৮.১.৩,-এ বর্ণিত নিয়মাবলী মোতাবেক ব্যবস্থা গ্রহণ না করে সরাসরি পরবর্তী ৮.৩.১, থেকে ৮.৩.৫ উপ-অনুচ্ছেদ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করবে।

৮.২। <u>কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি অকেজো ঘোষণার নির্ণয়ক:</u>

৮.২.১ ঘন ঘন ত্রুটি দেখা যাচ্ছে এমন সব কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি যা বার বার মেরামতের ফলে ব্যবহার আর্থিকভাবে অলাভজনক হয়ে পড়েছে।

৮.২.২ যে সকল কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতির এমন যন্ত্রাংশ পরিবর্তনের প্রয়োজন রয়েছে, মডেল পরিবর্তন অথবা প্রযুক্তির উৎকর্ষের দরুণ যার উৎপাদন ও সরবরাহ বন্ধ হয়ে গিয়েছে এরূপ কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.২.৩ মেরামত করে এক বৎসর পূর্ণ ওয়ারেন্টিসহ সম্পূর্ণ ত্রুটিহীন ও সচল করে একই ক্ষমতাসম্পন্ন অনুরূপ যন্ত্রাদিও বর্তমান বাজার মূল্যের ৫০% এর বেশী ব্যয় হবে এরূপ কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.২.৪ দুর্ঘটনাজনিত কারণে ক্ষতিগ্রস্ত হয়েছে অথবা যার অবয়ব/কাঠামোগত বিকৃতি ঘটেছে এরূপ কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.২.৫ হার্ডওয়্যার এর গোলযোগের কারনে বার বার ত্রুটিপূর্ণ ফলাফল প্রদান করছে অথচ কোনভাবেই ত্রুটি নির্ণয় করা অথবা ত্রুটিমুক্ত করা সম্ভব হচ্ছে না এরূপ কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.২.৬ কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতির আয়ুষ্কাল (ওয়ারেন্টিকাল + অতিরিক্ত ৫ বছর = ন্যূনতম ৬ বছর) অতিবাহিত হয়েছে এবং কার্যকারিতা ভীষণভাবে কমে গেছে এমন কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি।

৮.২.৭ উপর্যুক্ত নির্ণায়কের ভিত্তিতে অকেজো ঘোষণাযোগ্য মালামালের তালিকা আই টি শাখা কর্তৃক প্রস্তুতপূর্বক অকেজো ঘোষণার নিমিত্ত কর্তৃপক্ষ বরাবরে উপস্থাপন করবে।

৮.৩। <u>অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি নিষ্পত্তি প্রক্রিয়া:</u>

৮.৩.১ কোম্পানি অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি বিধি মোতাবেক বিক্রয় করবে।

৮.৩.২ যদি উহা প্রদর্শনযোগ্য হয় তা হলে প্রদর্শনের নিমিত্ত তা কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত যাদুঘর/অনুরূপ প্রতিষ্ঠানে হস্তান্তর করা যাবে। এই ধরণের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি কোম্পানি সংরক্ষণ করবে।

৮.৩.৩ দেশের কোন সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত গবেষণা/শিক্ষা প্রতিষ্ঠান গবেষণা/প্রশিক্ষণ কাজে কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি হস্তান্তর করা যাবে। এই ধরনের হস্তান্তর সংক্রান্ত দলিলাদি কোম্পানি সংরক্ষণ করবে।

৮.৩.৪ অকোজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি সংরক্ষিত মূল্যে বিক্রয় করা সম্ভব না হলে কোম্পানির অকেজো ঘোষণাকরণ কমিটির নিকট উপস্থাপন করবে এবং অকেজো ঘোষণাকরণ কমিটি এই নীতিমালার ৩নং অনুচ্ছেদ অনুযায়ী যথাযথ কার্যক্রম গ্রহণ করবে।

৮.৩.৫ বাংলাদেশে কম্পিউটার কাউন্সিলে প্রতিবেদন হতে যদি প্রতীয়মান হয় যে অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট কোন সংরক্ষিত মূল্য নাই তবে কোম্পানি এরূপ অকেজো ঘোষিত কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতি স্ক্র্যাপ মালামাল হিসাবে বিক্রয়ের ব্যবস্থা গ্রহণ করবে।

৯। **অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও অন্যান্য অফিস সরঞ্জামাদি:**

৯.১.১ অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও অন্যান্য অফিস সরঞ্জামাদি যেমন-টাইপরাইটার মেশিন, ফটোকপিয়ার মেশিন, ডুপ্লিকেটিং মেশিন, ফ্যাক্স মেশিন, ফ্রাংকিং মেশিন, এয়ার-কন্ডিশনার, ফ্রিজ, টেলিভিশন, আসবাবপত্র ও অন্যান্য অফিস সরঞ্জামাদি ইত্যাদি অকেজো ঘোষণাকরণের নিমিত্তে ব্যবহারকারী দপ্তর একটি নির্ধারিত ছকে (পরিশিষ্ট-ঘ) প্রয়োজনীয় তথ্যাবলী প্রস্তুত করবে।

৯.১.২ কোম্পানীতে ব্যবহৃত যন্ত্রপাতি অকেজো ঘোষণাকরণের জন্য কমিটি নির্ধারিত ছকে প্রদত্ত তথ্যাবলী বিবেচনা করে এবং প্রত্যক্ষ পরিদর্শনের মাধ্যমে এই কমিটি যন্ত্রপাতি অকোজো ঘোষণাকরণ সম্পর্কে মতামত প্রদান করবে যাতে বর্তমান বাজার মূল্য বিবেচনায় একটি সংরক্ষিত মূল্যও ধার্য্য থাকবে।

৯.১.৩ উক্ত কারিগরি কমিটির মতামতের ভিত্তিতে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ ডিভিশন/দপ্তর প্রধান অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি অকোজো ঘোষণা করত সংশ্লিষ্ট বিধি অনুসরণপূর্বক নিষ্পত্তি করবে। ব্যবহারকারী দপ্তর যদি অকেজো ঘোষিত যন্ত্রপাতির মালিকানা দপ্তর না হয় তবে মালিকানা দপ্তরের মতামতের ভিত্তিতে তা নিষ্পত্তি করবে।

২৪/৮/২২
(চন্দন ময় নন্দী)
উপ-ব্যবস্থাপক (আইন)
ও
সদস্য-সচিব, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮/২২
(মোঃ হাছান আলী সরকার)
উপ-মহাব্যবস্থাপক(কোম্পানি সেক্রেটারিয়েট)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮-২০২২
(প্রকৌঃ অনুপম দত্ত)
উপ-মহাব্যবস্থাপক (বিতরণ-উত্তর)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮/২২
(তাজুল ইসলাম চৌধুরী)
উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮/২২
(প্রদ্যোত কুমার সাহা)
উপ-মহাব্যবস্থাপক (অর্থ ও হিসাব)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮/২২
(প্রকৌঃ মোঃ সারওয়ার হোসেন)
মহাব্যবস্থাপক (ইঞ্জিনিয়ারিং সার্ভিসেস)
ও
সদস্য, সংশ্লিষ্ট কমিটি।

২৪/৮/২২
(মোঃ ফিরোজ খান)
মহাব্যবস্থাপক(প্রশাসন)
ও
আহ্বায়ক, সংশ্লিষ্ট কমিটি।

## মোটরযান অকেজো ঘোষণাকল্পে মালিকানা দপ্তর কর্তৃক সরবরাহযোগ্য তথা বিবরণী।

১। (ক) রেজি নং ........................................... তারিখ......................... (খ) নির্মাতা ...........................................

(গ) গাড়ির ধরণ.......................................................................... (ঘ) প্রস্তুতকাল ......................................

(ঙ) চেসিস নং .......................................................................... মডেল ..............................................

(চ) ইঞ্জিন নং .......................................................................... মডেল ..............................................

(ছ) ইঞ্জিন ঃ পেট্রোল/ডিজেল ................................................ (জ) সিলিন্ডারের সংখ্যা ..............................

(ঝ) কিলোমিটার প্রতি লিটারে ..........................................................................................................

২। (ক) মোট কতদিন বিকল আছে.......................................................................................

(খ) বৈকল্যের কারণসমূহ ঃ

১. ..........................................................................................................
২. ..........................................................................................................
৩. ..........................................................................................................
৪. ..........................................................................................................
৫. ..........................................................................................................
৬. ..........................................................................................................
৭. ..........................................................................................................
৮. ..........................................................................................................
৯. ..........................................................................................................

৩। (ক) মোটরযানটি যে স্থানে বর্তমানে আছে ......................................................................................

(খ) মোটরযান নিয়ন্ত্রণকারী ঃ

নাম ও পদবী ..............................................................................

অফিস ..............................................................................

ঠিকানা ..............................................................................

টেলিফোন নং ..............................................................................

৪। মোটরযান প্রাপ্তির উৎস/ক্রয়মূল্য/ক্রয়ের তারিখ ..........................................................................

৫। প্রতিবারের মেজর ইউনিটসমূহের ওভারহলিং-এর তারিখ ও মেরামত কাজের খরচসহ বিস্তারিত বিবরণঃ ..................................
..........................................................................................................
..........................................................................................................

৬। মোটরযান মোট কত কিঃ মিঃ চলেছে ...................................................................................................................

(ক) নতুন অবস্থায় কত কিঃ মিঃ চলেছে.........................................................................................................

(খ) ইঞ্জিনের প্রথম ওভারহলিং এর পর কত কিঃ মিঃ চলেছে...........................................................................................

মেরামত খরচ ................................................ টাকা।

(গ) ইঞ্জিনের দ্বিতীয় ওভারহলিং এর পর কত কিঃ মিঃ চলেছে.........................................................................................

মেরামত খরচ ................................................ টাকা।

(ঘ) ইঞ্জিনের তৃতীয় ওভারহলিং এর পর কত কিঃ মিঃ চলেছে.........................................................................................

মেরামত খরচ ................................................ টাকা।

(ঙ) ইঞ্জিন ব্যতীত অন্যান্য খরচ ................................................ টাকা।

(চ) ক্রয়-এর তারিখ হতে অচল হওয়া পর্যন্ত সর্বমোট মেরামত খরচ ................................ টাকা।

৭। মোটরযানটির আনুমানিক বর্তমান বাজার মূল্য .........................................................................................

৮। মেরামতের জন্য প্রয়োজণীয় খুচরা যন্ত্রাংশ সংগ্রহ করা সম্ভব কি? .........................................................................

৯। বর্তমানে মেরামত করিতে কত টাকা খরচ হতে পারে ........................................... টাকা।

ইহা বর্তমান আনুমানিক বাজার মূল্যের শতকরা কত ভাগ ............................................

১০। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি ...........................................................................................

(প্রয়োজনে আলাদাভাবে দেওয়া যেতে পারে) .........................................................................................

| | | |
|---|---|---|
| বিবরণ প্রস্তুতকারীর<br>স্বাক্ষর ও পদবী | সংশ্লিষ্ট কর্মকর্তার<br>স্বাক্ষর | অফিস প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার<br>স্বাক্ষর<br>(নাম, পদবী ও সীল) |

পরিশিষ্ট ক-২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ

পরিদর্শণের তারিখঃ ......................

**বিষয়: সরকারী মোটরযান অকেজো ঘোষণার জন্য পরিদর্শন সংক্রান্ত প্রতিবেদন।**

রেজিস্ট্রেশন নং ............................................তৈরীর সন....................... গাড়ীর ধরণ ..........................................

মোটরযান চালকের নাম .......................................................... চেসিস নং ..................................................

ইঞ্জিন নং ............................................. ইঞ্জিনঃ পেট্রোল/ডিজেল, সিলিন্ডারের সংখ্যা ...........................................

বিকল/চালু, প্রতি লিটারে কত কি.মি. ..............................................................................................

১। পর্যবেক্ষণ:

.............................................................................................................................................

.............................................................................................................................................

.............................................................................................................................................

| ক্রমিক নং | ইউনিট/মূল যন্ত্রাংশ/মডেল | বর্তমান অবস্থা | আনুমানিক মূল্য (টাকায়) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১.১ | ইঞ্জিন এসেম্বলী | সম্পূর্ণ/অসম্পূর্ণ/অকেজো/নাই | | |
| ১.২ | সাইলেন্সার এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৩ | **কুলিং সিষ্টেম** | | | |
| | রেডিয়েটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফ্যান | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ওয়াটার পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৪ | **ফুয়েল সিষ্টেম** | | | |
| | ফুয়েল ট্যাংক | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ফুয়েল পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্বোরেটর/এফ.আই.পাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইনজেকটার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এয়ার ক্লিনার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৫ | **ইলেট্রিক্যাল সিষ্টেমঃ** | | | |
| | ব্যাটারী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সেল্ফ ষ্টার্টার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | অলটারনেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | কার্ট আউট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হর্ণ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | হেড ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গাইড ল্যাম্প/পার্কিং ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টেইল ও স্টপ ল্যাম্প | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইন্ডিকেটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইলেট্রিক্যাল ওয়্যারিং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৬ | **ইগনিশান সিষ্টেমঃ** | | | |
| | ইগনিশান সুইচ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ইগনিশান কয়েল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিস্ট্রিবিউটর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | স্পার্ক প্লাগ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | এইচ.টি তার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৭ | **ক্লাচ সিস্টেমঃ** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ১.৮ | **ষ্টিয়ারিং সিষ্টেমঃ** | | | |
| | ষ্টিয়ারিং কলাম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ষ্টিয়ারিং হুইল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বল জয়েন্ট/কিং পিন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টাইরড এন্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.৯ | **ট্রান্সমিশন সিষ্টেমঃ** | | | |
| | গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | গিয়ার লিভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সহায্যকারী গিয়ার বক্স | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | প্রপেলার শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ডিফারেনশিয়্যাল | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সামনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পিছনের এক্সেল শ্যাফট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | চেইন এন্ড স্প্রোকেট | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১০ | **সাসপেনশন সিষ্টেমঃ** | | | |
| | ইন্ডিপেনডেন্ট সাসপেনশন | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সানপেনশন স্প্রীং এসেম্বলী | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | শক এবজরভার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১১ | **চেসিস ফ্রেমঃ** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১২ | **ব্রেক সিষ্টেম** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | **হ্যান্ড ব্রেক** | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| ১.১৩ | **বিবিধঃ** | | | |
| | হুইল রিম | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | টায়ার টিউব | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | ড্যাশ বোর্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বাম্পার | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | বডি/ছাদ/ফ্লোর | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | মাডগার্ড | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | দরজা | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | উইন্ডশিল্ড গ্লাস | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | সিট সমূহ | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | পশ্চাৎ দর্শন আয়না | কার্যোপযোগী/অকেজো/নাই | | |
| | রং | কার্যোপযোগী/অকেজো/নাই | | |

২। মোটরযানটি সংরক্ষিত মূল্যঃ ..........................................................................................................

৩। মেরামত করতে খরচের পরিমানঃ ..........................................................................................................

৪। মেরামত পরবর্তী/আনুমানিক মূল্যঃ ..........................................................................................................

৫। পরিদর্শকের মতামতঃ

পরীদর্শকের স্বাক্ষর ও সীল।

সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) বিআরটিএ

(স্বাক্ষর ও অফিস সীল)

# অচল/অকেজো ঘোষণাযোগ্য কম্পিউটার/কম্পিউটার সংশ্লিষ্ট যন্ত্রপাতির তথ্য বিবরণী

## অংশ-'ক'

(মালিকানা দপ্তর পূরণ করবে)

প্রয়োজনবোধে আলাদা সীট ব্যবহার করা যাবে।

দপ্তর ..................................................বিভাগ.........................................প্রতিবেদনের তারিখ.........................

| তথ্য শিরোনাম | কম্পিউটার | আনুষঙ্গিক যন্ত্রপাতি |
|---|---|---|
| আইটেম নং | | |
| ব্রান্ড/মডেল | | |
| সংক্ষিপ্ত স্পেসিফিকেশন | | |
| ক্রয়/সংগ্রহের বৎসর | | |
| সরবরাহকারী প্রতিষ্ঠান | | |
| ওয়ারেন্টি কাল | | |
| ক্রয় মূল্য | | |
| রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিররণ (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| রক্ষণাবেক্ষণ ব্যয় (সর্বশেষ ৫ বৎসর) | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. | ক.<br>খ.<br>গ.<br>ঘ.<br>ঙ. |
| বিকল হওয়ার তারিখ | | |
| বৈকল্যের কারণ/লক্ষণ | | |
| অকেজো ঘোষণাকরণের পক্ষে যুক্তি | | |
| মন্তব্য | | |

বিবরণী প্রস্তুতকারীর স্বাক্ষর
স্বাক্ষর তারিখঃ

দপ্তর প্রধান/ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তার
(নাম, পদবী ও সীল)

<u>অংশ-'খ'</u>

## (বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের ব্যবহারের জন্য)

বিসিসি'র একজন উপযুক্ত কারিগরি প্রতিনিধি(কম্পিউটার/কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি প্রযোজনবোধে সরেজমিনে পরিদর্শন করে) নীচের অংশ পূরণ করে স্বাক্ষর করবেন।

১। সাধারণ পর্যবেক্ষণঃ

২। অকেজো ঘোষণা সংক্রান্ত সুপারিশঃ

৩। সংরক্ষিত মূল্যঃ

৪। মন্তব্যঃ

| | |
|---|---|
| কারিগরি প্রতিনিধির স্বাক্ষর। | ক্ষমতা প্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর। |
| নামঃ | নামঃ |
| পদবীঃ | পদবীঃ |
| তারিখঃ | তারিখঃ |

**পরিশিষ্ট-ঘ**

**দপ্তরের নাম ও ঠিকানা**

অচল/অকেজো ঘোষণাযোগ্য অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জামাদির তথ্য বিবরণী

প্রতিবেদনের তারিখ: ....................................

১। মেশিনের নাম :

২। (ক) মেশিনের নম্বর :
(খ) মডেল নম্বর :

৩। (ক) সংগ্রহের উৎস :
(খ) সংগ্রহের/ক্রয়ের তারিখ :
(গ) ক্রয়মূল্য :

৪। মেশিনটি কত বৎসর ব্যবহৃত হচ্ছে? :

৫। রক্ষণাবেক্ষণ সংক্রান্ত ধারাবাহিক বিবরণ :
(রক্ষণাবেক্ষণের ব্যয় উল্লেখ করতে হবে)

৬। (ক) বিকল হওয়ার তারিখ :
(খ) বিকল হওয়ার কারণ :

৭। অকেজো ঘোষণা করার পক্ষে যুক্তি :

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার
স্বাক্ষর ও সীল

৮। প্রত্যক্ষ পরিদর্শনের পর কারিগরি কমিটির মন্তব্য :
(বর্তমান বাজার মূল্য বিবেচনায় সংরক্ষিত মূল্য ধার্য্য করতে হবে।)

| | | |
|---|---|---|
| ব্যবস্থাপক<br>সংশ্লিষ্ট শাখা | উপ-মহাব্যবস্থাপক<br>সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট | মহাব্যবস্থাপক<br>সংশ্লিষ্ট ডিভিশন |

"জ্বালানী নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার"

# কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

# Karnaphuli Gas Distribution Company Ltd.

(A company of Petrobangla)

সূত্র : ২৮.১৫.০০০০.১০৮.০৪.০৪৮.১৯-৩০৫২ তারিখ : ০৫.০৮.২০১৯

## অফিস আদেশ

প্রশাসন ডিভিশনের অফিস আদেশ নং: ২৮.১৫.০০০০.১০৮.০৪.০৩২.১৯-১৭৩৪, তারিখ: ২৭.০৬.২০১৯ এর মাধ্যমে 'কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস্, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০১৯' কোম্পানীতে প্রবর্তন করা হয়।

১৭.০৭.২০১৯ তারিখে অনুষ্ঠিত কোম্পানীর পরিচালনা পর্ষদের ১৩৮তম সভার সিদ্ধান্ত অনুযায়ী বর্ণিত নীতিমালাটি 'কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড (কেজিডিসিএল) এর মোটরযান, ইঞ্জিনিয়ারিং ম্যাটেরিয়্যালস্, কম্পিউটার ও কম্পিউটার-সংশ্লিষ্ট যন্ত্রপাতি, অফিসে ব্যবহৃত যন্ত্রপাতি, কোম্পানীর পূর্ত স্থাপনাদি এবং অন্যান্য অফিস সরঞ্জামাদি অকেজো ঘোষণাকরণ ও নিষ্পত্তির নীতিমালা-২০১৯' হিসেবে সংশোধিত শিরোনামে অভিহিত হবে। একই পর্ষদ সভার সিদ্ধান্তের আলোকে নিম্নোক্ত অনুচ্ছেদসমূহ ইতোপূর্বে প্রবর্তিত নীতিমালার অংশ হিসেবে গণ্য হবে :

১০। <u>কোম্পানীর পূর্ত স্থাপনাদি</u> :

১০.১ <u>কোম্পানীর পূর্ত স্থাপনাদি অকেজো ঘোষণাকরণে সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট কর্তৃক অনুসৃত নিয়মাবলী</u> :

১০.১.১ কোম্পানীর কাজের পরিধি ও বর্তমান চাহিদার সাথে সামঞ্জস্য রেখে ভবন বা স্থাপনা ভাঙ্গা/পুনঃনির্মাণের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করতে পারবে;

১০.১.২ প্রযোজ্য ক্ষেত্রে স্থাপনার সার্বিক অবস্থা পর্যালোচনায় বুয়েট/চুয়েট এর মাধ্যমে মতামত গ্রহণ করতে পারবে;

১০.১.৩ পূর্ত স্থাপনা অকেজো ঘোষণার জন্য সংশ্লিষ্ট কমিটির প্রতিবেদন যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কার্যকর করতে হবে।

১০.২ <u>পূর্ত স্থাপনাদি অকেজো ঘোষণার নির্ণায়ক</u> :

১০.২.১ ভবনের মূল কাঠামো প্রাকৃতিক বিপর্যয়ে (ভূমিকম্প, ঝড়, জলোচ্ছাস ইত্যাদি) কিংবা অন্য কোন কারণে ক্ষতিগ্রস্থ হলে উক্ত স্থাপনা ভেঙ্গে কোম্পানীর কাজের প্রয়োজনে নতুন স্থাপনা নির্মাণ; এক্ষেত্রে কোম্পানীর কাজের অত্যাবশ্যকতায় সুপরিসর ও সুউচ্চ ভবন নির্মাণ বিবেচনা করা যেতে পারে।

১০.৩ <u>অকেজো ঘোষিত পূর্ত স্থাপনাদি নিষ্পত্তি প্রক্রিয়া</u> :

১০.৩.১ সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট নতুন ভবন নির্মাণের জন্য দরপত্র আহ্বান প্রক্রিয়ায় বিদ্যমান অকেজো ঘোষিত স্থাপনা ভাঙ্গা ও অপসারণের বিষয়টি অন্তর্ভুক্ত করে নিষ্পত্তি করবে।

এছাড়া, ২৭.০৬.২০১৯ তারিখের বর্ণিত অফিস আদেশের মাধ্যমে পুনর্গঠিত নিম্নবর্ণিত ০২টি কমিটি অপরিবর্তিত থাকবে এবং কমিটিদ্বয় সংশোধিত নীতিমালার আলোকে কার্য সম্পাদন করবে :

ক) <u>কনডেমনেশন কমিটি</u>

| ক্র: নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | কোম্পানীর কারিগরি ক্যাডারের জ্যেষ্ঠ মহাব্যবস্থাপক | আহ্বায়ক |
| ২। | মোটরযান মেরামত কাজ সংক্রান্ত অভিজ্ঞ একজন উর্দ্ধতন প্রকৌশলী অথবা সরকারি যানবাহন অধিদপ্তরের একজন উপযুক্ত কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৩। | বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলের একজন কম্পিউটার বিশেষজ্ঞ (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৪। | গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র/পুর প্রকৌশলী) অথবা<br>বিটাক-এর একজন প্রকৌশলী (বিদ্যুৎ/যন্ত্র প্রকৌশলী) | সদস্য |
| ৫। | বাংলাদেশ রোড ট্রান্সপোর্ট অথরিটি (বি.আর.টি.এ)-এর একজন উপযুক্ত প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৬। | উপ-মহাব্যবস্থাপক (হিসাব), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৭। | কোম্পানীর সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট/ডিভিশনের উপ-মহাব্যবস্থাপক/ব্যবস্থাপক পর্যায়ের একজন কর্মকর্তা | সদস্য-সচিব |

খ) <u>স্ট্যান্ডিং নিলাম কমিটি</u>

| ক্র: নং | কর্মকর্তার পদবী | কমিটিতে অবস্থান |
|---|---|---|
| ১। | মহাব্যবস্থাপক (অপারেশন), কেজিডিসিএল, চট্টগ্রাম | আহ্বায়ক |
| ২। | উপ-মহাব্যবস্থাপক (পরিকল্পনা), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৩। | উপ-মহাব্যবস্থাপক (কোম্পানী সেক্রেটারিয়েট), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৪। | উপ-মহাব্যবস্থাপক (হিসাব), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৫। | উপ-মহাব্যবস্থাপক (ভান্ডার), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য |
| ৬। | ব্যবস্থাপক (কস্ট এন্ড স্টোরস), কেজিডিসিএল, চট্টগ্রাম | সদস্য-সচিব |

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

(মোঃ ফিরোজ খান)
মহাব্যবস্থাপক (প্রশাসন)

<u>বিতরণ</u> : সংশ্লিষ্ট কমিটির আহ্বায়ক/সদস্য/সদস্য-সচিব ..............................................,কেজিডিসিএল, চট্টগ্রাম।

<u>অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u> :

১. সহকারী ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেজিডিসিএল, চট্টগ্রাম।
২. সকল ডিভিশন প্রধান.............................................................................................., কেজিডিসিএল, চট্টগ্রাম।
৩. সংশ্লিষ্ট ডিপার্টমেন্ট প্রধান.................................................................................., কেজিডিসিএল, চট্টগ্রাম।
৪. অফিস কপি।